# ২০২৪
# বাংলা
## (অনার্স)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-DSE-T-1

(কাব্যতত্ত্ব, সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

[ নতুন পাঠক্রম ]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'বক্রোক্তিবাদে'র প্রতিষ্ঠাতা কে? তিনি কোন গ্রন্থে বক্রোক্তি নিয়ে আলোচনা করেছেন?

খ) ভারতীয় কাব্যতত্ত্বের আদিগুরু কে? তাঁর লেখা বিখ্যাত গ্রন্থটির নাম লেখো।

গ) 'সুররিয়ালিজম'-এর প্রবক্তা কে? এর বাংলা প্রতিশব্দ লেখো।

ঘ) বাংলা সাহিত্যের একটি ক্লাসিক কাব্যের নাম, কবির নাম এবং প্রকাশকাল লেখো।

[পরপৃষ্ঠায়]

ঙ) কাব্যপাঠে যিনি চতুর্থবর্গ ফলপ্রাপ্তির কথা বলেছেন তাঁর নাম কী? তাঁর লেখা বিখ্যাত গ্রন্থটির নাম উল্লেখ করো।

চ) আচার্য বামনের মতে রীতি কয়প্রকার ও কী কী?

ছ) 'Naturalistic' কাদের বলা হয়?

জ) সাহিত্যের সত্য কেন চিরকালীন সত্য?

ঝ) বঙ্কিমচন্দ্র বাংলার কোন কবিকে গীতিকাব্য প্রণেতা বলেছেন? তাঁর রচিত গ্রন্থটির নাম কী?

ঞ) 'রক্তকরবীর' তিনজন কারা? এই তিনজনের প্রেমের রঙ কী কী?

ট) রবীন্দ্রকাব্যে 'sense of evil'-এর বাংলা আবু সয়ীদ আইয়ুব কী করেছেন? মূল প্রবন্ধটির নাম লেখো।

ঠ) 'সে ঝড়ের মেঘের বিদ্যুৎ' — সে কে? তার প্রকৃতি কেমন?

ড) বক্রোক্তি কয়প্রকার ও কী কী?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'ক্লাসিসিজম' কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

খ) 'রীতিবাদে'র জনক কে? রীতিবাদ সম্পর্কে তাঁর ধারণার সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) 'যা শ্রেষ্ঠ কাব্য তার প্রকৃতিই হচ্ছে বাচ্যকে ছাড়িয়ে যাওয়া'— আলোচনা করো।

ঘ) 'কাব্যসত্য' সম্পর্কে রাবীন্দ্রিক ভাবনার পরিচয় দাও।

ঙ) "নন্দিনী ভালোবাসে প্রাণের রং" — আলোচনা করো।

চ) অথবা বলা উচিত সৌধরচনাই অসমাপ্ত রয়ে গেলো কবির মৃত্যুকালে — সপ্রসঙ্গ বিষয়টিতে আলোকপাত করো।



৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'কাব্যং গ্রাহ্যমলংকারাৎ' — এ মতবাদের প্রবক্তা কে? মন্তব্যটির সারবত্তা বিচার করো।

খ) রোমান্টিসিজমের বৈশিষ্ট্য বা লক্ষণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

গ) "নারী তাই মালা হয়ে তার কণ্ঠে লতায়, ছিন্ন হলে পায়ে লোটায়" — উৎস নির্দেশপূর্বক আলোচনা করো।

ঘ) রবীন্দ্র কাব্যাদর্শ সম্পর্কে প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুবের দৃষ্টিভঙ্গী মূল প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

———————